ঋণ মঞ্জুরীর সাময়িক শর্তাবলী

(ক) অর্থ বিভাগের অনুমোদনের পর এ বিভাগের পূর্বসম্মতি ব্যতিত ঋণ পরিশোধের তফসিল পরিবর্তন করা যাবে না।

(খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে, তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।

(গ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ এ বিভাগের পরিচালন বাজেটের আওতায় "১০৯০১০১১০১৪৩৫-১২০০০০৬০৩-৩৫১২১০৩-সরকারি কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি"- কোড হতে পরিশোধ করা হবে।

(ঘ) ফ্ল্যাটক্রয় ঋণের ক্ষেত্রে ফ্ল্যাট বিক্রেতার অনুকূলে ঋণের অর্থ বিতরণ করা হবে এবং ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব এর মাধ্যমে ঋণের মাসিক কিস্তির অর্থ আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে। গৃহনির্মাণ ঋণ এর ক্ষেত্রে নীতিমালার ৪(ঘ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(ঙ) প্রস্তাবিত ঋণগ্রহীতাকে এ মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, "তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসেবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন"।

(চ) ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

(ছ) ঋণগ্রহীতার চাকুরীকাল শেষ হবার পূর্বেই গৃহনির্মাণ ঋণ এককালীন পরিশোধ এর ক্ষেত্রে পরিশোধ এর তারিখ ঋণের অপরিশোধিত আসল ও অপরিশোধিত সুদসহ সকল অর্থ ঋণগ্রহীতা পরিশোধ করবেন।

(জ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী সংস্থা এবং অর্থ বিভাগকে অবহিত করবেন।

(ঝ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(ঞ) লিয়েন শেষে মূল চাকুরীতে যোগদানের পর রিপেমেন্ট শিডিউল পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে অর্থ বিভাগ বরাবর সংশোধিত মঞ্জুরী আদেশ এর জন্য আবেদন করতে হবে।

(ট) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(ঠ) কোন ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু কিংবা ফৌজদারি/ দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি তিনি অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

(ড) মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে।

(ঢ) পরবর্তিতে কোনরুপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এ আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা অর্থ বিভাগ সংরক্ষণ করবে।

(ণ) মঞ্জুরীপত্রের মেয়াদ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৯০ দিন পর্যন্ত বলবৎ থাকবে।

ঋণ মঞ্জুরীর চূড়ান্ত শর্তাবলী

(ক) অর্থ বিভাগের সম্মতির পর এ বিভাগের পূর্বসম্মতি ব্যতিত ঋণ পরিশোধের তফসিল পরিবর্তন করা যাবে না।

(খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।

(গ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ এ বিভাগের পরিচালন বাজেটের আওতায় "১০৯০১০১১০১৪৩৫-১২০০০০৬০৩-৩৫১২১০৩-সরকারি কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি"- কোড হতে পরিশোধ করা হবে।

(ঘ) ঋণগ্রহীতা তাঁর মাসিক বেতন বিলের সাথে চূড়ান্ত তফসিল মোতাবেক সুদ ভর্তুকির টাকা উত্তোলন করতে পারবেন। তবে পরিশোধিত ভর্তুকির পরিমান নীতিমালা অনুযায়ী প্রাপ্য অর্থের বেশি হলে ঋণগ্রহীতা এবং ঋণ প্রদানকারী সংস্থা অতিরিক্ত অর্থ অর্থ বিভাগের "১০৯০১০১১০১৪৩৫-১৪৪১২০২ অতিরিক্ত দেয় টাকা আদায়" কোডে ফেরত দিতে বাধ্য থাকবেন।

(ঙ) ফ্ল্যাটক্রয় ঋণের ক্ষেত্রে ফ্ল্যাট বিক্রেতার অনুকূলে ঋণের অর্থ বিতরণ করা হবে এবং ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব এর মাধ্যমে ঋণের মাসিক কিস্তির অর্থ আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে। গৃহনির্মাণ ঋণ এর ক্ষেত্রে নীতিমালার ৪(ঘ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(চ) ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

(ছ) ঋণগ্রহীতা তাঁর পিআরএল সমাপ্তির পূর্বে ঋণের আসল আংশিক/সম্পূর্ণ পরিশোধ করতে চাইলে অর্থ বিভাগের পূর্বানুমতি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে।

(জ) ঋণগ্রহীতার চাকুরীকাল শেষ হবার পূর্বেই গৃহনির্মাণ ঋণ এককালীন পরিশোধ এর ক্ষেত্রে পরিশোধ এর তারিখ ঋণের অপরিশোধিত আসল ও অপরিশোধিত সুদসহ সকল অর্থ ঋণগ্রহীতা পরিশোধ করবেন।

(ঝ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী সংস্থা এবং অর্থ বিভাগকে অবহিত করবেন।

(ঞ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(ট) লিয়েন শেষে মূল চাকুরীতে যোগদানের পর রিপেমেন্ট শিডিউল পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে অর্থ বিভাগ বরাবর সংশোধিত মঞ্জুরী আদেশ এর জন্য আবেদন করতে হবে।

(ঠ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(ড) কোন ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু কিংবা ফৌজদারি/ দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি তিনি অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

(ঢ) কোন ঋণগ্রহীতার চাকুরীর মেয়াদ বৃদ্ধি পেলে তিনি যদি উক্ত সময়ের জন্য সরকারপ্রদত্ত ভর্তুকি সুবিধা প্রাপ্য হন তবে মেয়াদ বৃদ্ধির সাথে সাথেই বিষয়টি অর্থ বিভাগকে অবহিত করতে হবে এবং ঋণটি পুনতফশীলিকরণের জন্য অর্থ বিভাগে আবেদন করতে হবে। অর্থ বিভাগ সংশোধিত চূড়ান্ত মঞ্জুরী আদেশ জারি করবে।

(ণ) এই মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে।

(ত) পরবর্তীতে কোনরুপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এই আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা অর্থ বিভাগ সংরক্ষণ করবে।